

ভোরের কাগজ

তারিখ
পৃষ্ঠা ১১ ... কলাম ১৫

ঢাবি জহুরুল হক হলে বন্দুকযুদ্ধে একজন নিহত

কাগজ প্রতিবেদক ঢাকা বিশ্ববিদ্যালয়ের জহুরুল হক আবাসিক ছাত্রাবাস এলাকায় গতকাল মঙ্গলবার রাতে ছাত্রলীগের সশস্ত্র ক্যাডারদের বন্দুকযুদ্ধে অজ্ঞাতনামা এক বহিরাগত ব্যক্তি গুলিবিদ্ধ হয়ে নিহত হয়েছে বলে পুলিশ সূত্রে জানা গেছে।
রমনা থানা পুলিশ সূত্রে জানায়, গত রাত ৮টার দিকে ছাত্রলীগের দুটি গ্রুপের মধ্যে চাঁদার টাকার ভাগ্যভাগিকে কেন্দ্র করে জহুরুল হক হলের পেছনে বন্দুকযুদ্ধের সূত্রপাত হয়। সন্ধ্যাসী গ্রুপ দুটির মধ্যে অবিরাম গুলিবর্ষণ ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনায় পুরো এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে।
১০টা দুয়েক সশস্ত্র সংঘর্ষের পর রাত ১০টার দিকে পরিস্থিতি স্বাভাবিক হয়। পরে পুলিশ ঘটনাস্থল থেকে গুলিবিদ্ধ হয়ে মারাত্মক আহত অবস্থায় এক ব্যক্তিকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে গেলে সেখানে সে মারা যায়। হলের সাধারণ ছাত্ররা নিহত এই ব্যক্তিকে বহিরাগত বলে

● এরপর পৃষ্ঠা ২ কলাম ১

ঢাবি জহুরুল হক হলে বন্দুকযুদ্ধে

● প্রথম পাতার পর পুলিশকে জানিয়েছে একাধিকবার হলের প্রভোস্টের বাসায় টেলিফোনে যোগাযোগ করা হলে ওপর প্রান্ত থেকে বলা হয় যে, তিনি বাসায় নেই।

এদিকে ক্যাম্পাসের একটি সূত্র জানিয়েছে, নিহত এই বহিরাগত ব্যক্তির নাম জসিম। এ ঘটনায় লিটন নামে আরেক বহিরাগত ব্যক্তি গুলিতে মারাত্মক আহত হয়েছে।

সূত্রটি দাবি করেছে, ইতিপূর্বে রাজধানীতে ৫৪ ভরি সোনা ছিনতাইয়ের টাকার ভাগ-বাটোয়ারাকে কেন্দ্র করে ছাত্রলীগের দুটি গ্রুপের মধ্যে এই বন্দুকযুদ্ধের সূত্রপাত হয়। তবে গ্রুপ দুটির নাম জানা যায়নি।

উল্লেখ্য, দীর্ঘদিন ধরেই জহুরুল হক হলে ছাত্রলীগের মাদারীপুর, শরীয়তপুর ও বরিশাল গ্রুপের সশস্ত্র ক্যাডারদের অবস্থান রয়েছে।

রমনা থানা পুলিশ এবং ক্যাম্পাসের কয়েকটি সূত্র নিহতের লাশ ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে বলে জানায়। কিন্তু রাত সাড়ে ১২টায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে যেয়ে জানা যায় সেখানে কোনো গুলিতে আহত বা নিহতের লাশ যায়নি।

এদিকে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এ কে আজাদ চৌধুরী ইউএনবি'কে জানান, বিশ্ববিদ্যালয়ে কোনো গোলাগুলি হয়নি তবে একটি লাশ জহুরুল হক টাউন কোয়ার্টার এলাকায় পাওয়া গেছে।